# সংবাদ পরিক্রমা

২ সেপ্টেম্বর ২০১৯

কম্পিউটার ও ডিজিটাল সার্ভিস বিষয়ক প্রশিক্ষণ।
২-৩ সেপ্টেম্বর ২০১৯, সকাল ৯টা-বিকাল ৫টা। সেমনার কক্ষ, জাতীয় নাট্যশালা
**উপস্থিতি স্বাক্ষর**

| সময় | বিস্তারিত | প্রশিক্ষণ পদ্ধতি | প্রশিক্ষক |
|---|---|---|---|
| **প্রথম দিন: ২ সেপ্টেম্বর ২০১৯** | | | |
| ৯:০০-১০:০০টা | সূচনা বক্তব্য ও পরিচিতি | সকলের অংশগ্রহণ ও বরফ গলানো | সচিব, বাশিএ |
| ১০:০০-১১:০০টা | সচিবালয় নির্দেশিকা, ডিজিটাল নথি নম্বর, নথি ক্যাটাগরি, বিভাগ কোড এবং ওয়েবসাইট পরিচিতি | ভিডিও প্রদর্শনী, প্রেজেন্টেশন এবং অংশগ্রহণকারীদের উপস্থাপনা | হাসান মাহমুদ |
| ১১:০০-১১:১৫টা | চা বিরতি | | |
| ১১:১৫-১২:০০টা | ই-নথি লগইন ও রিপোর্ট পর্যালোচনা, ডাক ব্যবস্থাপনা, নথি ক্যাটাগরি ও<br>নথি খোলা, | ব্যাবহারিক আলোচনা ও প্রেজেন্টেশন | হাসান মাহমুদ |
| ১২:০০-০১:০০টা | ডাক নথিভুক্ত করা ও নথিতে উত্থাপন। সংযুক্তিসহ খসড়াপত্র তৈরী ও প্রেরণ। | ব্যাবহারিক আলোচনা ও প্রেজেন্টেশন | হাসান মাহমুদ |
| ০১:০০-০২:০০টা | মধ্যাহ্নভোজ | | |
| ০২:০০-০৩:০০টা | চেঞ্জ ম্যানেজমেন্ট এবং<br>ই-নথি: করনীয় ও জিজ্ঞাসা | আলোচনা ও গ্রুপ ওয়ার্ক | এটুআই |
| ০৩:০০-০৩:১৫টা | চা বিরতি | | |
| ৩:১৫-০৪:০০টা | তথ্যপ্রযুক্তির বিবর্তন ও<br>মৌলিক ধারনা, অফিস অ্যাপ্লিকেশন | প্রেজেন্টেশন ও ব্যবহারিক আলোচনা | হাসান মাহমুদ |
| ০৪:০০-০৫:০০টা | এপিএ, ইনোভেশন এবং চেঞ্জ ম্যানেজমেন্ট | গ্রুপ আলোচনা | আবদুল রাকিবিল বারি |
| **দ্বিতীয় দিন: ৩ সেপ্টেম্বর ২০১৯** | | | |
| ৯:০০-১০:০০টা | সচিবালয় নির্দেশিকা ও চাকুরীবিধি | তাত্বিক উপস্থাপনা | আফজাল হোসেন |
| ১০:০০-১১:০০টা | অফিস অ্যাপ্লিকেশন ও<br>ওয়েব বাংলা লেখা | ব্যবহারিক আলোচনা এবং অংশগ্রহণকারীদের উপস্থাপনা | হাসান মাহমুদ |
| ১১:০০-১১:১৫টা | চা বিরতি | | |
| ১১:১৫-১২:০০টা | ইনোভেশন ও চেঞ্জ ম্যানেজমেন্ট | পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন | |
| ১২:০০-০১:০০টা | গ্রাফিক্স ডিজাইন, ডিজিটাল কনটেন্ট ও আর্কাইভ পদ্ধতি | ব্যবহারিক আলোচনা | |

| | | | |
|---|---|---|---|
| ০১:০০-০২:০০টা | মধ্যাহ্নভোজ | | |
| ০২:০০-০৩:০০টা | ইনথি, ওয়েবমেইল, সরকারের ইসেবা, ৩৩৩ | ব্যবহারিক আলোচনা | |
| ০৩:০০-০৩:১৫টা | চা বিরতি | | |
| ৩:১৫-০৪:০০টা | ইন্টারনেট, ইমেইল, ওয়েবমেইল, সামাজিক যোগাযোগ | ব্যবহারিক আলোচনা এবং অংশগ্রহণকারীদের উপস্থাপনা | হাসান মাহমুদ |
| ০৪:০০-০৫:০০টা | প্রশিক্ষনের সারসংক্ষেপ, মূল্যায়ন ও মতামত | মূল্যায়ণ ও ফিডব্যাক ফরম পূরণ | |

০৮ সেপ্টেম্বর ২০১৯

## ‘শিল্পবোধ ও নান্দনিক চেতনা’ শীর্ষক ডান্স অ্যাপ্রিসিশেন কোর্স এর উদ্বোধন




শিল্প সমালোচনা, শিল্প অনুধাবন, শিল্প নির্মাণ ও লেখালেখির চর্চার লক্ষ্যেই বাংলাদেশ শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় শিল্পের পাঁচটি শাখায় ‘শিল্পবোধ ও চেতনা’ শীর্ষক অ্যাপ্রিসিয়েশন কোর্স ২০১৯ আয়োজন করা হয়েছে। কোর্স সমূহ যথাক্রমে ফিল্ম, আর্ট, থিয়েটার, মিউজিক ও ডান্স বিষয়ক অ্যাপ্রিসিশেন কোর্স।

শিল্পবোধ ও নান্দনিক চেতনা শীর্ষক অ্যাপ্রিসিয়েশন কোর্সের ধারাবাহিকতায় নৃত্য বিষয়ক পাঠ ও আস্বাদনের মধ্য দিয়ে নৃত্য সমালোচনা ও লেখালেখির চর্চার প্রয়াসে আজ ০৮ সেপ্টেম্বর ২০১৯ সন্ধ্যা ৬টায় একাডেমির জাতীয় নাট্যশালার সেমিনার কক্ষে ১০দিনব্যাপী ডান্স অ্যাপ্রিসিয়েশন কোর্সের উদ্বোধনী অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কোর্স পরিচালক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নাটক ও নাট্যতত্ত্ব বিভাগের চেয়ারম্যান ড. সোমা মুমতাজ এবং প্রশিক্ষক শর্মিলী বন্দোপাধ্যায়। এছাড়াও কোর্সটিতে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করবেন ড. আফসার আহমেদ, ড. ইউসুফ হাসান, ড. ইস্রাফিল আহমেদ, ড. ভাস্বর বন্দোপাধ্যায়, তামান্না রহমান, বেনজীর সালাম, মুনমুন আহমেদ, শামীম আরা নীপা, রাফি হোসেন ও সুদেষ্ণা সয়ং প্রভা।

উদ্বোধনী আয়োজনে উপস্তিত ছিলেন একাডেমির প্রশিক্ষণ বিভাগের পরিচালক সুশান্ত কুমার সরকার, সহকারী পরিচালক আবদুল রাকিবিল বারী, কালচারাল অফিসার আফসানা খান রুনা ও ইন্সট্রাক্টর ফিফা চাকমা।

১৮ সেপ্টেম্বর ২০১৯

# ‘চতুর্দশ জাতীয় শিশু-কিশোর নাট্য ও সাংস্কৃতিক উৎসব ২০১৯’




বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও পিপলস থিয়েটার এসোসিয়েশন’র যৌথ আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে শিশুদের অংশগ্রহণে বাংলাদেশের সর্ববৃহৎ নাট্য ও সাংস্কৃতিক উৎসব ‘চতুর্দশ জাতীয় শিশু-কিশোর নাট্য ও সাংস্কৃতিক উৎসব ২০১৯’। ৬৪ জেলার সাংস্কৃতিক দল এবং ৯৪টি শিশু নাট্য সংগঠনের দশ হাজারেরও বেশি শিশুর অংশগ্রহণে ২০-২৮ সেপ্টেম্বর ২০১৯ অনুষ্ঠিত হবে এই উৎসব। উৎসবে ৯৪টি শিশু নাট্যদলের পরিবেশনা উপস্থাপিত হবে। একাডেমির জাতীয় নাট্যশালা, জাতীয় চিত্রশালা, জাতীয় সংগীত ও নৃত্যকলা কেন্দ্র মিলনায়তন ও একাডেমি প্রাঙ্গণসহ প্রতিদিন ৮টি ভেন্যুতে ৯টি জেলার ৮৫টি পরিবেশনা অনুষ্ঠিত হবে।

আগামী ২০ সেপ্টেম্বর ২০১৯ বিকাল ৪টায় শুরু হবে উদ্বোধনী আয়োজন। থাকবে আনন্দ র‍্যালি, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মননীয় মন্ত্রী ওবায়দুল কাদের এমপি। বিশেষ অতিথি থাকবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী কে এম খালিদ এমপি, শিল্পী মুস্তাফা মনোয়ার, আইটিআই বিশ্বকেন্দ্রের সাম্মানিক সভাপতি রামেন্দু মজুমদার এবং বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশানের সেক্রেটারী জেনারেল কামাল বায়েজীদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক ও পিপলস থিয়েটার এসোসিয়েশনের প্রতিষ্ঠাতা লিয়াকত আলী লাকী।

সারাদেশ থেকে আগত শিশু-কিশোর শিল্পীরা পরিবেশন করবেন নাটক, একক অভিনয়, স্কুল থিয়েটার, সঙ্গীত, নৃত্য, আবৃত্তি, চিত্রাঙ্কন এবং ৭ই মার্চের ভাষণ। আগত শিশুদের জন্য থাকবে অ্যাক্রোবেটিক প্রদর্শনী, চলচ্চিত্র প্রদর্শনী, চলচ্চিত্র কর্মশালা, নাট্য কর্মশালা, পাপেট থিয়েটার, ঐতিহ্যবাহী পুতুলনাট্য, পাপেট নির্মাণ কর্মশালা, যাদু প্রদর্শনী, বঙ্গবন্ধু পুষ্পকানন নির্মাণ, মঞ্চকুঁড়ি পদক, তনয় শিশু নাট্য পদক, শিশু আনন্দমেলা এবং বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের পরিবেশনা।

শিশুরাই জাতির আশা ও ভবিষ্যৎ। শিক্ষা অর্জনের পাশাপাশি শুদ্ধ সংস্কৃতি চর্চার মাধ্যমে শিশুরা পরিপূর্ণ মানুষরূপে গড়ে উঠতে পারে। আজকের শিশুরাই ২০৪১ এর উন্নত বাংলাদেশ গড়তে ভূমিকা পালন করবে। এই উৎসবের মাধ্যমে শিশু নেতৃত্ব গড়ে উঠবে। বাংলাদেশ শিল্পকলা একাডেমি শিল্প সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ গড়ে তোলার লক্ষে নিয়মিত কাজ করে চলেছে। বর্তমানে বাংলাদেশ শিল্পকলা একাডেমির কর্মকাণ্ড ৬৪ জেলা থেকে ৪৯৩ উপজেলা পর্যন্ত সম্প্রসারিত হয়েছে।


পিপলস থিয়েটার এসোসিয়েশন দীর্ঘদিন শিশুদের মননশীলতার বিকাশে বিভিন্ন সাংস্কৃতিক কর্মকাণ্ড পরিচালনা করে আসছে। ইতোপূর্বে পিপলস থিয়েটার এসোসিয়েশন সারাদেশে শিশুনাট্য কর্মশালা, জাতীয় শিশুনাট্য উৎসব ও ৭টি বিভাগে বিভাগীয় শিশুনাট্য উৎসব আয়োজন করেছে। ‘বিকশিত শিশু, আলোকিত আগামী’ এ প্রত্যয় নিয়ে পিপলস থিয়েটার এসোসিয়েশন জন্মলগ্ন থেকেই সারাদেশে শিশুনাট্য আন্দোলন পরিচালনা করে আসছে।

পিপলস থিয়েটার এসোসিয়েশন ও এর সহযোগী প্রায় ২৫০টি শিশু নাট্যদল সারাদেশে নাটক মঞ্চায়নসহ নিয়মিতভাবে নাট্যচর্চা করে আসছে। শুধু দেশে নয় আন্তর্জাতিক ক্ষেত্রেও বাংলাদেশের শিশু নাটক এখন প্রায় সুপ্রতিষ্ঠিত। এক্ষেত্রে পিপলস থিয়েটার এসোসিয়েশন এককভাবে ২৮ বছর ধরে নিরলসভাবে কাজ করে আসছে। এই সংগঠন ১৯৯৫ থেকে শুরু করে এখন পর্যন্ত ১৩টি ‘জাতীয় শিশু-কিশোর নাট্য উৎসব’, ১টি ক্ষুদ্র নৃগোষ্ঠী শিশু-কিশোর নাট্যোৎসব’ ও ১টি ‘আন্তর্জাতিক শিশু-কিশোর নাট্যোৎসব’ আয়োজন করেছে। বিভিন্ন জেলায় পরিচালনা করেছে আঞ্চলিক শিশু নাট্য কর্মশালা এবং বিভাগীয় শিশু-কিশোর নাট্যোৎসব। এ যাবত প্রায় ৭০টি আন্তর্জাতিক শিশু নাট্যোৎসবে অংশগ্রহণ করেছে  পিপলস থিয়েটার এসোসিয়েশনভুক্ত বিভিন্ন শিশু নাট্যদল। শিশুনাট্য কর্মকাণ্ডে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ ‘শিশু নাট্য পদক’ ছাড়াও পিপলস থিয়েটার এসোসিয়েশন মেধাবী শিশু-

কিশোরদের জন্য ‘মঞ্চকুঁড়ি’, ‘মঞ্চমুকুল’ ও ‘মঞ্চসেনা’ পদক প্রদান করছে। অধুনা সারাদেশে চলছে স্কুল পর্যায়ে শিশুনাট্য কর্মসূচি। শিশুদের জন্য শিশুদের অভিনীত নাটক ছাড়াও বিশ্বের উন্নত দেশসমূহের সাথে তাল মিলিয়ে আমাদের দেশের শিশুদের জন্য বড়দের নাটক মঞ্চায়নের ধারাও তৈরী করেছে। এছাড়া কেবলমাত্র যুবক-যুবতীদের জন্য তাদের উপযোগী যুব নাট্যচর্চার একটি নতুন ধারা প্রবর্তন করেছে পিপলস থিয়েটার এসোসিয়েশন।
উৎসবের বিস্তারিত তুলে ধরতে ১৮ সেপ্টেম্বর বিকাল ৫টায় একাডেমির জাতীয় নাট্যশালা সেমিনার কক্ষে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে। সংবাদ সম্মেলণে উৎসবের বিস্তারিত তুলে ধরেন উৎসব আহ্বায়ক লিয়াকত আলী লাকী। সংবাদ সম্মেলণের শুরুতে উৎসব সংগীত পরিবেশন করেন একাডেমির শিশু সংগীত দল। এবং উপস্থিত ছিলেন একাডেমির সচিব বদরুল আনম ভুঁইয়া ও প্রশিক্ষণ বিভাগের পরিচালক সুশান্ত কামারসহ একাডেমির কর্মকর্তা কর্মচারী এবং পিপলস থিয়েটার এসোসিয়েশনের সদস্যবৃন্দ।

২০ সেপ্টেম্বর ২০১৯

## ‘চতুর্দশ জাতীয় শিশু-কিশোর নাট্য ও সাংস্কৃতিক উৎসব ২০১৯’




বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও পিপলস থিয়েটার এসোসিয়েশন’র যৌথ আয়োজনে অনুষ্ঠিত হতে যাচ্ছে শিশুদের অংশগ্রহণে বাংলাদেশের সর্ববৃহৎ নাট্য ও সাংস্কৃতিক উৎসব ‘চতুর্দশ জাতীয় শিশু-কিশোর নাট্য ও সাংস্কৃতিক উৎসব ২০১৯’। ৬৪ জেলার সাংস্কৃতিক দল এবং ৯৪টি শিশু নাট্য সংগঠনের দশ হাজারেরও বেশি শিশুর অংশগ্রহণে ২০-২৮ সেপ্টেম্বর ২০১৯ অনুষ্ঠিত হবে এই উৎসব। উৎসবে ৯৪টি শিশু নাট্যদলের পরিবেশনা উপস্থাপিত হবে। একাডেমির জাতীয় নাট্যশালা, জাতীয় চিত্রশালা, জাতীয় সংগীত ও নৃত্যকলা কেন্দ্র মিলনায়তন ও একাডেমি প্রাঙ্গণসহ প্রতিদিন ৮টি ভেন্যুতে ৯টি জেলার ৮৫টি পরিবেশনা অনুষ্ঠিত হবে।

সারাদেশ থেকে আগত শিশু-কিশোর শিল্পীরা পরিবেশন করবেন নাটক, একক অভিনয়, স্কুল থিয়েটার, সঙ্গীত, নৃত্য, আবৃত্তি, চিত্রাঙ্কন এবং ৭ই মার্চের ভাষণ। আগত শিশুদের জন্য থাকবে অ্যাক্রোবেটিক প্রদর্শনী, চলচ্চিত্র প্রদর্শনী, চলচ্চিত্র কর্মশালা, নাট্য কর্মশালা, পাপেট থিয়েটার, ঐতিহ্যবাহী পুতুলনাট্য, পাপেট নির্মাণ কর্মশালা, যাদু প্রদর্শনী, বঙ্গবন্ধু পুষ্পকানন নির্মাণ, মঞ্চকুঁড়ি পদক, তনয় শিশু নাট্য পদক, শিশু আনন্দমেলা এবং বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের পরিবেশনা।

শিশুরাই জাতির আশা ও ভবিষ্যৎ। শিক্ষা অর্জনের পাশাপাশি শুদ্ধ সংস্কৃতি চর্চার মাধ্যমে শিশুরা পরিপূর্ণ মানুষরূপে গড়ে উঠতে পারে। আজকের শিশুরাই ২০৪১ এর উন্নত বাংলাদেশ গড়তে ভূমিকা পালন করবে। এই উৎসবের মাধ্যমে শিশু নেতৃত্ব গড়ে উঠবে। বাংলাদেশ শিল্পকলা একাডেমি শিল্প সংস্কৃতি ঋদ্ধ সৃজনশীল মানবিক বাংলাদেশ গড়ে তোলার লক্ষে নিয়মিত কাজ করে চলেছে। বর্তমানে বাংলাদেশ শিল্পকলা একাডেমির কর্মকান্ড ৬৪ জেলা থেকে ৪৯৩ উপজেলা পর্যন্ত সম্প্রসারিত হয়েছে।

পিপলস থিয়েটার এসোসিয়েশন দীর্ঘদিন শিশুদের মননশীলতার বিকাশে বিভিন্ন সাংস্কৃতিক কর্মকান্ড পরিচালনা করে আসছে। ইতোপূর্বে পিপলস থিয়েটার এসোসিয়েশন সারাদেশে শিশুনাট্য কর্মশালা, জাতীয় শিশুনাট্য উৎসব ও ৭টি বিভাগে বিভাগীয় শিশুনাট্য উৎসব আয়োজন করেছে। ‘বিকশিত শিশু, আলোকিত আগামী’ এ প্রত্যয় নিয়ে পিপলস থিয়েটার এসোসিয়েশন জন্মলগ্ন থেকেই সারাদেশে শিশুনাট্য আন্দোলন পরিচালনা করে আসছে।

পিপলস থিয়েটার এসোসিয়েশন ও এর সহযোগী প্রায় ২৫০টি শিশু নাট্যদল সারাদেশে নাটক মঞ্চায়নসহ নিয়মিতভাবে নাট্যচর্চা করে আসছে। শুধু দেশে নয় আন্তর্জাতিক ক্ষেত্রেও বাংলাদেশের শিশু নাটক এখন প্রায় সুপ্রতিষ্ঠিত। এক্ষেত্রে পিপলস থিয়েটার এসোসিয়েশন এককভাবে ২৮ বছর ধরে নিরলসভাবে কাজ করে আসছে। এই সংগঠন ১৯৯৫ থেকে শুরু করে এখন পর্যন্ত ১৩টি 'জাতীয় শিশু-কিশোর নাট্য উৎসব', ১টি ক্ষুদ্র নৃগোষ্ঠী শিশু-কিশোর নাট্যোৎসব' ও ১টি 'আন্তর্জাতিক শিশু-কিশোর নাট্যোৎসব' আয়োজন করেছে। বিভিন্ন জেলায় পরিচালনা করেছে আঞ্চলিক শিশু নাট্য কর্মশালা এবং বিভাগীয় শিশু-কিশোর নাট্যোৎসব। এ যাবত প্রায় ৭০টি আন্তর্জাতিক শিশু নাট্যোৎসবে অংশগ্রহণ করেছে পিপলস থিয়েটার এসোসিয়েশনভুক্ত বিভিন্ন শিশু নাট্যদল। শিশুনাট্য কর্মকান্ডে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ 'শিশু নাট্য পদক' ছাড়াও পিপলস থিয়েটার এসোসিয়েশন মেধাবী শিশু-কিশোরদের জন্য 'মঞ্চকুঁড়ি', 'মঞ্চমুকুল' ও 'মঞ্চসেনা' পদক প্রদান করছে। অধুনা সারাদেশে চলছে স্কুল পর্যায়ে শিশুনাট্য কর্মসূচি। শিশুদের জন্য শিশুদের অভিনীত নাটক ছাড়াও বিশ্বের উন্নত দেশসমূহের সাথে তাল মিলিয়ে আমাদের দেশের শিশুদের জন্য বড়দের নাটক মঞ্চায়নের ধারাও তৈরী করেছে। এছাড়া কেবলমাত্র যুবক-যুবতীদের জন্য তাদের উপযোগী যুব নাট্যচর্চার একটি নতুন ধারা প্রবর্তন করেছে পিপলস থিয়েটার এসোসিয়েশন।



২১ সেপ্টেম্বর ২০১৯

## চতুর্দশ জাতীয় শিশু কিশোর নাট্য ও সাংস্কৃতিক উৎসবের ২য় দিনের আয়োজন



উৎসবের ২য় দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে উৎসর্গীকৃত পুস্পকানন নির্মান করেন জেলা থেকে আগত শিশু শিল্পীরা। ২১ সেপ্টেম্বর ২০১৯ শিশু উৎসবের দ্বিতীয় দিন একাডেমির জাতীয় নাট্যশালার পরীক্ষণ থিয়েটার হলে বিকাল 5টায় হিমাদ্রী নাহা হিমু এর রচনা ও নির্দেশনায় স্বপ্নস্বর নাট্যদল মৌলভীবাজারের পরিবেশনায় নাটক স্বপ্নভঙ্গ, ৫.৪০টায় জসীম উদ্দীন এর রচনায় এবং শেখ মোসফিকুর রহমান মিল্টনের নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল, সাতক্ষীরা'র পরিবেশনায় নাটক ডালিম কুমার, সন্ধ্যা ৬,৩০টায় সামসুদ্দীন শাকিল এর রচনা ও নির্দেশনায় মৈত্রী শিশুদল ঢাকা পরিবেশন করে নাটক শীষনাথ, সন্ধ্যা ৭.২০টায় সুকুমার রায়ের রচনায় বাংলাদেশ শিল্পকলা একাডেমি ঢাকা পরিবেশন করে নাটক অবাক জলপান এবং রাত 8টায় মনমথ রায়ের রচনায় মোঃ সুজন ইসলাম এর নির্দেশনায় ঝিনাইদহ শিশূ কিশোর নাট্যদলের পরিবেশনায় নাটক কানুর বাঁশি মঞ্চস্থ হয়।

স্টুডিও থিয়েটার হলে বিকাল 5টা থেকে জেলা শিল্পকলা একাডেমি সাতক্ষীরা, মৌলভীবাজার, বাগেরহাট, নড়াইল, ফেনী, পটুয়াখালী, জামালপুর ও ঝিনাইদহ পরিবেশণ করে আবৃত্তি, একক অভিনয় 7ই মার্চের ভাষণ এবং শিশুতীর্থ নাট্যদল নড়াইল এর পরিবেশনায় মুন্সি আসাদুর রহমানের রচনা ও এলাহী হোসেন এর নির্দেশনায় নাটক বিজয় মালা ও জেলা শিল্পকলা একাডেমি জামালপুর এর পরিবেশনায় কাজী নজরুল ইসলাম এর রচনা ও সাগর মুখার্জী এর নির্দেশনায় নাটক জাগো সুন্দর কিশোর মঞ্চস্থ হয়।



সন্ধ্যা 5টায় একাডেমির জাতীয় সঙ্গীত ও নৃত্যকলা কেন্দ্র মিলনায়তনে বিকাল 5টায় পিন্টু সাহা ও নারায়ন নাথ এর সম্পাদনায় সিহাব উদ্দীন মন এর রচনায় এবং মালিয়া আক্তারের নির্দেশণায় পূবালী সংস্কৃতিক কেন্দ্র ফেনী'র পরিবেশনায় নাটক এখনো এমন, সুভংকর চক্্রবর্তী রচিত ও জহির বাবচ্চু নির্দেশিত পানগুছি থিয়েটার সেন্টার মোড়লগঞ্জ, বাগেরহাটের পরিবেশনায় নাটক মরা, সুজয় চক্্রবর্তী রচিত ও নির্দেশিত সুন্দরম চিলড্রেন্স থিয়েটার পটুয়াখালী পরিবেশন করে অবুঝ যন্ত্র, এম কবির রিপন এর রচনা ও নির্দেশনায় নন্দন শিশু থিয়েটার ঢাকার পরিবেশনায় নৃত্যনাট্য দোলনা থেকে কবর এবং হানিফ খান এর রচনা ও নির্দেশনায় কিশোর থিয়েটার ঢাকার পরিবেশনায় মঞ্চস্থ হয় নাটক মাতৃভূমি।

একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনে বিকাল 5টা থেকে সাতক্ষীরা, পটুয়াখালী, মৌলভীবাজার, নড়াইল, ফেনী, বাগেরহাট, জামালপুর ও ঝিনাইহদহ জেলা শিল্পকলা একাডেমির শিশু শিল্পীরা পরিবেশন করে একক সঙ্গীত, সমবেত সঙ্গীত ও সমবেত নৃত্য। এছাড়াও একাডেমির জাতীয় চিত্রশালা প্লাজায় প্রতিদিন বিকাল 4টা থেকে 4.45টা জেলা থেকে আগত শিশুদের নিয়ে সমাবেশ, সাংস্কৃতিক অনুষ্ঠান, অ্যাক্রোবেটিক প্রদর্শনী ও মঞ্চকুড়ি পদক প্রদান করা হয় এবং রাত 9টা থেকে 9.30টা বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়।

২২ সেপ্টেম্বর ২০১৯

## ৩য় দিনের আয়োজন: চতুর্দশ জাতীয় শিশু কিশোর নাট্য ও সাংস্কৃতিক উৎসব



২২ সেপ্টেম্বর ২০১৯ উৎসবের দ্বিতীয় দিনে একাডেমির জাতীয় নাট্যশালার পরীক্ষণ থিয়েটার হলে বিকাল ৫টা থেকে দ্বিজেন্দ্রনাথ ব্যানার্জী'র রচনায় কামরুল্লাহ সরকারের নির্দেশনায় ভোর হলো নাট্যদল রাজশাহী'র পরিবেশনায় নাটক প্রসন্ন প্রকৃতি, কবি গুরু রবীন্দ্রনাথ ঠাকুরের গল্প অবলম্বনে দিলীপ কুমার গৌর এর নাট্যরুপ ও নির্দেশনায় নাট্য নিকেতন সিরাজগঞ্জের পরিবেশনায় নাটক ছুটি, মোঃ সোহেল রানা এর রচনা ও নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল রাঙ্গামাটি এর পরিবেশনায় নাটক তারুণ্যের আহ্বান, সম্বিত সাহা এর রচনা ও নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি নাট্যদল জয়পুরহাট এর পরিবেশনায় নাটক পাখির ডানা মঞ্চস্থ হয়।

স্টুডিও থিয়েটার হলে বিকাল ৫টা থেকে জেলা শিল্পকলা একাডেমি জয়পুরহাট, চুয়াডাঙ্গা, রাজশাহী, নওগাঁ, নাটোর, রাঙ্গামাটি, মাদারীপুর, শরিয়তপুর ও দিনাজপুর এর পরিবেশনায় আবৃত্তি, একক অভিনয় ও ৭ই মার্চের ভাষণ এবং দিজেন্দ্রনাথ ব্যানার্জী এর রচনায় ও সম্মিলিত নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল নওগাঁ মঞ্চস্থ করে নাটক চিড়িয়াখানা। জাতীয় সঙ্গীত ও নৃত্যকলা কেন্দ্রে বিকাল ৫টা থেকে রেবা সাহা ও এস এম সেলিম এর রচনায় এস এম সেলিম এর নির্দেশনায় আলমডাঙ্গা কলাকেন্দ্র চুয়াডাঙ্গা পরিবেশন করে নাটক বাল্যবিবাহ, স্বপন মাহামুদ এর রচনায় সানজিদা ইসলাম ডলি এর নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল মাদারীপুর পরিবেশন করে নাটক আলোর পথে, রফিকুল হকের রচনায় বিভাষ রায়ের সির্দেশনায় ভোর হলো শিশু কিশোর (ইঙ্গিত থিয়েটার) নাটোরের পরিবেশনায় নাটক বই বই হইচই এবং আনিসুর রহমানের রচনায় সুজাতা রাণী দে এর নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল শরিয়তপুর পরিবেশন করে নাটক আমাদের মীনা। জাতীয় চিত্রশালা মিলনায়তনে বিকাল 5টা থেকে জেলা শিল্পকলা একাডেমি সিরাজগঞ্জ, জয়পুরহাট, চুয়াডাঙ্গা, রাজশাহী, নওগাঁ, নাটোর, রাঙ্গামাটি, মাদারীপুর ও শরিয়তপুর পরিবেশন করে সমবেত সঙ্গীত, একক সঙ্গীত ও সমবেত নৃত্য।



এছাড়াও একাডেমির জাতীয় চিত্রশালার চিত্রকলা স্টুডিওতে প্রতিদিন দুপুর ২টা থেকে বিকাল ৪টা জেলা থেকে আগত শিশুদের অংশগ্রহণে চিত্রাংকন এবং একাডেমির জাতীয় সঙ্গীত ও নৃত্যকলা প্রাঙ্গণে শিশুদের অংশগ্রহণে বঙ্গবন্ধু পুষ্পকানন নির্মাণ এবং একাডেমির জাতীয় চিত্রশালা প্লাজায় প্রতিদিন বিকাল ৪টা থেকে ৪.৪৫টা জেলা থেকে আগত শিশুদের নিয়ে সমাবেশ, সাংস্কৃতিক অনুষ্ঠান, অ্যাক্রোবেটিক প্রদর্শনী ও মঞ্চকুড়ি পদক প্রদান করা হয় ও রাত ৯টা থেকে ৯.৩০টা বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়।

উৎসবের ৩য় দিনে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরেণ্য নাট্য ব্যক্তিত্ব রামেন্দু মজুমদার, হাসান ইমাম, কে এস ফিরোজ, নাদিয়া আহমেদ, শারমিন লাকী, মাহিদুল ইসলাম, অভিজিৎ সেন গুপ্ত , মাসুম আজিজ, বৃন্দাবন দাস, রোজী সিদ্দিকী, তামান্না রহমান, দীপা খন্দকার, মুনমুন আহমেদ ও মীর বরকত । অতিথিবৃন্দ উৎসবে আগত শিশুদের সনদপত্র প্রদান করবেন ও শিশুদের উদ্দেশ্যে স্বাগত বক্তব্য রাখবেন।

২৩ সেপ্টেম্বর ২০১৯

## ৪র্থ দিনের আয়োজন: চতুর্দশ জাতীয় শিশু কিশোর নাট্য ও সাংস্কৃতিক উৎসব



শিশূ উৎসবের চতুর্থ দিনে আজ ২৩ সেপ্টেম্বর ২০১৯ তারিখ একাডেমির জাতীয় নাট্যশালার পরীক্ষণ থিয়েটার হলে বিকাল ৫টা থেকে ম. নিজামের রচনায় অজয় দাস এর নির্দেশনায় স্বদেশ নাট্যাঙ্গন রাজবাড়ী পরিবেশন মঞ্চস্থ হয় নাটক ময়না মেয়ের বিয়ে, ড. সেলিম আলদীন রচিত অনিক সাহা নির্দেশিত জেলা শিল্পকলা একাডেমি নেত্রকোনা পরিবেশন করে নাটক জন্ডিস ও বিবিধ বেলুণ, তারেকুজ্জামান তারেক এর রচনায় ও নির্দেশনায় আমাদের থিয়েটার দিনাজপুর পরিবেশন করে নাটক চোখ, আসাদুল ইসলামের রচনায়

মেহেদী হাসান সোহাগের নির্দেশনায় সোনালী থিয়েটার সেতাবগঞ্জ দিনাজপুর পরিবেশন করে নাটক নরমেধ।

একাডেমির স্টুডিও থিয়েটার হলে বিকাল ৫টা থেকে জেলা শিল্পকলা একাডেমি পিরোজপুর, ময়মনসিংহ, ঝালকাঠি, দিনাজপুর, লালমনিরহাট, নেত্রকোনা, রাজবাড়ী ও কুমিল্লা'র শিশুদল পরিবেশন করে আবৃত্তি, একক অভিনয় ও ৭ই মার্চের ভাষণ এবং এস এম মিজানুর রহমানের রচনায় খোকন হাসান চাঁদ এর নির্দেশনায় সন্ধান লিটল থিয়েটার ঢাকা পরিবেশন করে নাটক হনন ও শেখ আবু মোহাম্মদ জুবায়ের জনি'র রচনায় তাপস ভট্টাচার্যের নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল পিরোজপুর পরিবেশন করে নাটক শেখ মুজিব আমার পিতা।



একাডেমির জাতীয় সঙ্গীত ও নৃত্যকলা কেন্দ্র মিলনায়তনে বিকাল ৫টা থেকে মিহির হারুনের রচনা ও নির্দেশনায় শিশু থিয়েটার মুক্তাগাথা ময়মনসিংহ পরিবেশন করে নাটক খোকার গল্প, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের গল্প অবলম্বনে শাহজাহান চৌধুরী'র নাট্য রুপান্তর ও নির্দেশনায় দ্যুতি: ফয়জুন্নেসা স্কুল নাট্য ও সাংস্কৃতিক দল কুমিল্লা পরিবেশন করে নাটক ছুটি, আমজাদ হোসেনের রচনায় দিপংকর সাহা মানিক এর নির্দেশনায় প্রগতি থিয়েটার পার্বতীপুর দিনাজপুর পরিবেশন করে নাটক জয়বাংলা একটি শ্লোগান, শুভংকর চক্রবর্তীর রচনায় আবুল মনসুর এর নির্দেশনায় অনসাম্বল খিয়েটার ময়মনসিংহ পরিবেশন করে নাটক মরা এবং আজিজুল হক মোল্লা'র রচনা ও নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল লালমনিরহাট পরিবেশন করে নাটক গৃহস্থের একদিন।

একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনে বিকাল 5টা থেকে জেলা শিল্পকলা একাডেমি পিরোজপুর, ময়মনসিংহ, ঝালকাঠি, দিনাজপুর, লালমনিরহাট, নেত্রকোনা, রাজবাড়ী, কুমিল্লা ও ঢাকা পরিবেশন করে সমবেত সঙ্গীত, একক সঙ্গীত ও সমবেত নৃত্য।

এছাড়াও একাডেমির জাতীয় চিত্রশালার চিত্রকলা স্টুডিওতে প্রতিদিন দুপুর ২টা থেকে বিকাল ৪টা জেলা থেকে আগত শিশুদের অংশগ্রহণে চিত্রাংকন এবং একাডেমির জাতীয় সঙ্গীত ও নৃত্যকলা প্রাঙ্গাণে শিশুদের অংশগ্রহণে বঙ্গাবন্ধুকে উৎস্বর্গকৃত পুষ্পকানন নির্মাণ এবং একাডেমির জাতীয় চিত্রশালা প্লাজায় প্রতিদিন বিকাল ৪টা থেকে ৪.৪৫টা জেলা থেকে আগত শিশুদের নিয়ে সমাবেশ, সাংস্কৃতিক অনুষ্ঠান, অ্যাক্রোবেটিক প্রদর্শনী ও মঞ্চকুড়ি পদক প্রদান করা হয় ও রাত ৯টা থেকে ৯.৩০টা বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়।

উৎসব আয়োজনে আজ ২৩ সেপ্টেম্বর মঞ্চকঁড়ি পদক পেলেন স্বদেশ নাট্যাঙ্গন, রাজবাড়ী-শারমীন খাতুন, জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল, নেত্রকোনা-প্রিয়া দাস, আমাদের থিয়েটার, দিনাজপুর-কানিজ ফাতেমা শ্রবন্তী, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা-সাদমান সারার যায়ান, সোনালী থিয়েটার, সেতাবগঞ্জ, দিনাজপুর-সানজিদা সরকার, জেলা শিল্পকলা একাডেমি, পিরোজপুর-তনুশ্রী ডাকুয়া ও নেয়ামুল হক নিয়ন, ময়মনসিংহ-মায়াবী রেনেসা ও সিঁথি সরকার, ঝালকাঠি-দিপা দে ও নুসরাত জাহান কেয়া, দিনাজপুর-সানজিদা জামান শ্রাবণী ও মেধা তিথি রায় ইমু, লালমনিরহাট -এষা আদ্রিতা দাস ও অস্মিতা সাহা, নেত্রকোনা- অরণিমা সরকার অথৈ ও প্রযুক্তা সেন অথৈ, রাজবাড়ী- রাজিয়া আক্তার মিম ও তাসকিয়া বিনতে আরিশা, কুমিল্লা -সেঁওতি সাহা পূজা ও প্রত্যাশা সাহা, সন্ধান লিটল থিয়েটার, ঢাকা- হাসান বাপ্পি, জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল, পিরোজপুর-মোঃ আবতাহী, শিশু থিয়েটার ,মুক্তাগাছা, ময়মনসিংহ-ইফসানুর রশিদ আরিয়ান, দ্যুতি: ফয়জুন্নেসা স্কুল নাট্য ও সাংস্কৃতিক দল, কুমিল্লা- সাদিকাতুন নূর আনিকা, প্রগতি থিয়েটার, পার্বতীপুর, দিনাজপুর- সাদমান আল সিয়াম, অনসাম্বল থিয়েটার, ময়মনসিংহ-জোহায়ের জাহিন, জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল, লালমনিরহাট-মোঃ আয়েশা খাতুন আশা এবং বিশেষ শিশু মঞ্চকুঁড়ি পদক পেলেন কুমিল্লা-মনিরা খায়ের অন্তু, লালমনির হাট- শান্তনা রানী, ঝালকাঠি- ইয়াসিন তারেক খলিফা, ময়মনসিংহ-আর রাফী আঞ্জুম, রাজবাড়ী- লাবণ্য রানী মজুমদার, নেত্রকোনা- হৃদয় হাসানী ও দিনাজপুর জেলার থেকে আবু তাহের।

আজ ২৩ সেপ্টেম্বর বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে শিশু কিশোর নাট্য ও সাংস্কৃতিক উৎসবে অতিথি হিসেবে উপস্থিত থেকে বিভিন্ন জেলা থেকে আগত শিশুদলের হাতে সনদপত্র তুলে দেন এবং বিভিন্ন জেলার পরিবেশনার বিষয়ে অনুভূতি ব্যক্ত করেন সায়মন সাদিক, তমা মির্জা, তানভীন সুইটি, মুরাদ পারভেজ, গাজী রাকায়েত, অনন্ত হীরা, পূর্ণলক্ষ চাকমা, নূনা আফরোজ, মোঃ আনিসুর রহমান, শিমূল মোস্তফা, আসফ উদ দৌলা, আবু হেনা রনি, মোস্তাক আহমেদ, মোঃ এরশাদ হাসান, রোজী সিদ্দিকী, মোঃ আল হেলাল, শাহেদ শরীফ, আলী আহমেদ মুকুল, সৌম্য সালেক,  ফুয়াদ চৌধুরী, চন্দন দত্ত, মৌটুসী পার্থ, এস আই টুটুল, আনিসুল ইসলাম হীরু, শিবলী মোহাম্মদ, বদরুল আলম ভূইয়া ও আইরিন পারভীন লোপা।

২৪ সেপ্টেম্বর ২০১৯

## ৫ম দিনের আয়োজন: চতুর্দশ জাতীয় শিশু কিশোর নাট্য ও সাংস্কৃতিক উৎসব



চতুর্থ জাতীয় শিশু কিশোর নাট্য ও সাংস্কিতিক উৎসবের ৫ম দিন আজ ২৪ সেপ্টেম্বর ২০১৯, মঙ্গলবার একাডেমির জাতীয় নাট্যশালার পরীক্ষণ থিয়েটার হলে বিকাল ৫টা থেকে নজমুল ইমরান এর রচনা ও রাশেদুজ্জামান বাবু এর নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল কুড়িগ্রামের নাটক দিগন্ত, নাট্যকার অতনু বরুন এর রচনা ও নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল ভোলা'র নাটক আলোভন,  নাট্যকার সুকান্ত ভট্রাচার্য্য এর রচনা ও মাবরুকা শানান হাসান মন্দ্রিতা এর নির্দেশনায় বগুড়া লিটল থিয়েটারের নাটক অভিযান, আনিসুল হকের গল্প অবলম্বনে আলমগীর মাহমুদ এর নাট্যরুপ ও মোঃ সাকিল বাহমেদ ও মোঃ সাইদুর রহমান খোকন এর নির্দেশনায় শিশুতীর্থ থিয়েটার মুন্সিগঞ্জের নাটক টোনাটুনির গল্প এবং মহিউদ্দিন ছড়া এর রচনায় মোঃ আকরাম খান এর নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল চাঁদপুরের নাটক বিদ্যামন্ত্র মঞ্চস্থ হয় ।

স্টুডিও থিয়েটার হলে বিকাল ৫টা থেকে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে জেলা শিল্পকলা একাডেমি বগুড়া, কুড়িগ্রাম, চাঁদপুর, ভোলা, পাবনা, মুন্সিগঞ্জ, বরগুনা ও নোয়াখালী এবং মিহির হারুন এর রচনায় সাব্বির হোসেন জাকির এর নির্দেশনায় থিয়েটার সার্কেল মুন্সিগঞ্জ মঞ্চস্থ করে নাটক মতির স্বপ্ন।

জাতীয় সঙ্গীত ও নৃত্যকলা কেন্দ্র মিলনায়তনে বিকাল ৫টা থেকে মাহাবুব সোহাগ এর রচনা ও নির্দেশনায় আমরা ক'জন শিল্পীগোষ্ঠী বগুড়'র নাটক বারামখানা, নিয়াজ মোর্শেদ এর রচনায় ও মুশফিক আরিফ এর নির্দেশনায় সাগরপাড়ী  থিয়েটার বরগুন'র নাটক বর্ণবাদ, ভাস্বর চৌধুরী এর রচনা ও নির্দেশনায় ইছামতি থিয়েটার পাবনা'র নাটক ফুল ও ভুল, জাহাঙ্গীর হোসেন ঢালী এর রচনা ও নির্দেশনায় হীরন কিরণ শিশু থিয়েটার মুন্সিগঞ্জে'র নাটক মৃত্তিকার ফুল, বাণী সাহা'র রচনায় সজল মজুমদার এর নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল নোয়াখালী'র নৃত্যনাট্য: হৃদয়ে বঙ্গবন্ধু এবং বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুর এর গল্প অবলম্বনে পলাশ খান এর নির্দেশনায় উচ্চারণ একাডেমি বগুড়া মঞ্চস্থ করে নাটক ডাকঘর।

জাতীয় চিত্রশালা মিলনায়তনে বিকাল ৫ টা থেকে সঙ্গীত ও নৃত্য পরিবেশণ করে জেলা শিল্পকলা একাডেমি বগুড়া, কুড়িগ্রাম, চাঁদপুর, ভোলা, পাবনা, মুন্সিগঞ্জ, নোয়াখালি ও বরগুনা এর শিশুশিল্পী দল।




এছাড়াও একাডেমির জাতীয় চিত্রশালার চিত্রকলা স্টুডিওতে প্রতিদিন দুপুর ২টা থেকে বিকাল ৪টা জেলা থেকে আগত শিশুদের অংশগ্রহণে চিত্রাংকন এবং একাডেমির জাতীয় সঙ্গীত ও নৃত্যকলা প্রাঙ্গণে শিশুদের অংশগ্রহণে বঙ্গবন্ধুকে উৎস্বর্গকৃত পুষ্পকানন নির্মাণ এবং একাডেমির জাতীয় চিত্রশালা প্লাজায় প্রতিদিন বিকাল ৪টা থেকে ৪.৪৫টা জেলা থেকে আগত শিশুদের নিয়ে সমাবেশ, সাংস্কৃতিক অনুষ্ঠান, অ্যাক্রোবেটিক প্রদর্শনী ও মঞ্চকুড়ি পদক প্রদান করা হয় ও রাত ৯টা থেকে ৯.৩০টা বিদায়

সংবর্ধনার আয়োজন করা হয়।

বাংলাদেশ শিল্পকলা একাডেমির আয়োজনে বঙ্গবন্ধু স্মারক বক্তৃতামালার ধারাবাহিকতায় আজ ২৪ সেপ্টেম্বর ২০১৯ সকাল ১১টায় একাডেমির জাতীয় নাট্যশালার স্টুডিও থিয়েটার হলে অনুষ্ঠিত হয় বঙ্গবন্ধু স্মারক বক্তৃতামালা। অনুষ্ঠানে বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক জনাব লিয়াকত আলী এর সভাপতিত্বে স্মারক বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবে উপাচায জনাব আ আ ম শ আরেফিন সিদ্দিক এবং বিশিষ্ট সাংবাদিক জনাব স্বদেশ রায়।

২৫ সেপ্টেম্বর ২০১৯

## ৬ষ্ঠ দিনের আয়োজন: চতুর্দশ জাতীয় শিশু কিশোর নাট্য ও সাংস্কৃতিক উৎসব



চতুর্থ জাতীয় শিশু কিশোর নাট্য ও সাংস্কিতিক উৎসবের ষষ্ঠদিন আজ ২৫ সেপ্টেম্বর বিকাল ৫টা থেকে একাডেমির জাতীয় নাট্যশালার পরীক্ষণ থিয়েটার হলে ড. তাপস পাল এর রচনায় ও হেলাল মিয়া'র নির্দেশনায় বন্ধুমহল শিল্পী সংস্থা গাজীপুরে'র নাটক দুখুরামের অরুপ কথা, নুরুজ্জামান এর নাট্যরুপ ও সাব্বির ইসলাম শেফা'র নির্দেশনায় নিশ্চিন্তপুর থিয়েটার ঠাকুরগাঁও এর নাটক আজব দেশের গল্প, সুমিত মোহন্ত এর নাট্যরুপ ও নির্দেশনায় রংপুর শিশু নাট্যকেন্দ্রে'র নাটক মাইডাসের স্বপ্ন স্বর্ণ, উনাইসা তিজান খান এর রচনা ও মোঃ আক্তার হোসেন এর নির্দেশনায় পিদিম থিয়েটার ঢাকা'র নাটক চাঁদের দেশে এবং জাকির হোসেন এর রচনা ও নির্দেশনায় শা-মুক থিয়েটার (মাইমোড্রামা) গাজীপুরে'র নাটক ডেথ অফ ড্রিম মঞ্চস্থ হয়।

একাডেমির জাতীয় নাট্যশালার স্টুডিও থিয়েটার হলে বিকাল ৫টা থেকে জেলা শিল্পকলা একাডেমি ঠাকুরগাঁও, পঞ্চগড়, রংপুর, গাজীপুর, ব্রাহ্মষবাড়িয়া, নারায়নগঞ্জ, টাঙ্গাইল ও মানিকগঞ্জ পরিবেশন করে আবৃত্তি, একক অভিনয় ও ৭ই মার্চের ভাষণ এবং রতন দত্তের রচনা ও নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল টাঙ্গাইলের নাটক কচি পাতার কান্না ও আবু হানিফ মাসুম এর রচনা ও নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল নারায়নগঞ্জ মঞ্চস্থ করে নাটক চাঁদের আলো।



একাডেমির জাতীয় সঙ্গীত ও নৃত্যকলা কেন্দ্র মিলনায়তনে বিকাল ৫টা থেকে আনন জামানের রচনায় শাকিল আহমেদ এর নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল মানিকগঞ্জের নাটক বিলয় গাঁথা, আব্দুর রহিম রচিত রিজওয়ান চৌধুরী প্রিন্স নির্দেশিত বিদ্রোহী শিশু কিশোর থিয়েটার পঞ্চগড়ে'র নাটক কে উত্তম?, নূর হোসেন রানা'র রচনা ও নির্দেশনায় জেনেসিস থিয়েটার ঢাকা'র নাটক বটতলার ফেলুমামা, সাবিনা ইয়াসমিন এর মূলভাবনায় এটিএম মাহমুদুল আক্তারের নাট্যরুপ ও নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল পঞ্চগড়ের নাটক রুমাল এবং ফয়সাল আহমেদ এর রচনা ও নির্দেশনায় স্বপ্নঘর ঢাকা মঞ্চস্থ করে নাটক লোভী।

একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনে বিকাল ৫টা থেকে একক সঙ্গীত, সমবেত সঙ্গীত ও সমবেত নৃত্য পরিবেশন করে জেলা শিল্পকলা একাডেমি ঠাকুরগাঁও, পঞ্চগড়, রংপুর, গাজীপুর, ব্রাহ্মণবাড়িয়া, টাঙ্গাইল ও মানিকগঞ্জের শিশু শিল্পীবৃন্দ।

এছাড়াও একাডেমির জাতীয় চিত্রশালার চিত্রকলা স্টুডিওতে প্রতিদিন দুপুর ২টা থেকে বিকাল ৪টা জেলা থেকে আগত শিশুদের অংশগ্রহণে চিত্রাংকন এবং একাডেমির জাতীয় সঙ্গীত ও নৃত্যকলা প্রাঙ্গণে শিশুদের অংশগ্রহণে বঙ্গবন্ধুকে উৎস্বর্গকৃত

পুষ্পকানন নির্মাণ এবং একাডেমির জাতীয় চিত্রশালা প্লাজায় প্রতিদিন বিকাল ৪টা থেকে ৪.৪৫টা জেলা থেকে আগত শিশুদের নিয়ে সমাবেশ, সাংস্কৃতিক অনুষ্ঠান, অ্যাক্রোবেটিক প্রদর্শনী ও মঞ্চকুড়ি পদক প্রদান করা হয় ও রাত ৯টা থেকে ৯.৩০টা বিদায় সংবর্ধনার আয়োজন করা হয়।

২৭ সেপ্টেম্বর ২০১৯

## ৮ম দিনের আয়োজন: চতুর্দশ জাতীয় শিশু কিশোর নাট্য ও সাংস্কৃতিক উৎসব



চতুর্থ জাতীয় শিশু কিশোর নাট্য ও সাংস্কিতিক উৎসবের ৮ম দিনে মঞ্চকুঁড়ি পদক প্রদানের মধ্যদিয়ে উৎসবের পরিবেশনা শুরু হয়। শেষ দিনের মতো মঞ্চকুঁড়ি পদক বিতরণ অনুষ্ঠানে কারিশমা সাংস্কৃতিক দলের ৩১জন বিশেষ চাহিদা সম্পন্ন শিশু, বাংলাদেশ শিল্পকলা একাডেমির ২০ জন অ্যাক্রোবেটিক দলের সদস্য এবং দশটি জেলার ৪২ জন শিশু শিল্পীকে মঞ্চকুঁড়ি পদক প্রদান করা হয়। পদক প্রদান অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি গোলাম কুদ্দুস ও বিশিষ্ট অভিনেতা জাহিদ হাসান। এর আগে সকাল ১০ টা থেকে শুরু হয় দুই দিনব্যাপী পুতুল নাট্য কর্মশালা। কর্মশালা চলে বিকাল ৫টা পর্যন্ত। কর্মশালা শেষ হবে আগামীকাল।

উৎসবের ৮ম দিনে ২৭ সেপ্টেম্বর বিকাল ৫টা থেকে একাডেমির জাতীয় নাট্যশালার পরীক্ষণ থিয়েটার হলে কৃষাণ চন্দ্র এর গল্প অবলম্বনে কাজী তৌফিকুল ইসলাম ইমন এর নাট্যরুপ ও নির্দেশনায় স্কলাস্টিকা স্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা'র নাটক গর্ত, উপেন্দ্র কিশোর রায় চৌধুরী'র গল্প অবলম্বনে অসীম দাস এর নাট্যরুপে ও ড. সৌরভ শাখাওয়াত এর নির্দেশনায় কিডস কালচারাল ইন্সটিটিউট চট্টগ্রামের নাটক বেচারাম কেনারাম, রবীন্দ্রনাথ ঠাকুরের গল্প অবলম্বনে লিয়াকত আলী লাকী এর নির্দেশনায় পিপলস লিটল থিয়েটার ঢাকা'র নাটক রাজা ও রাজদ্রোহী, এস এম রায়হানুল আলমের রচনা ও নির্দেশনায় সুপ্তো থিতা ঢাকা'র নৃত্যনাট্য, রবীন্দ্রনাথ ঠাকুরের গল্প অবলম্বনে জিনাত সানু স্বাগতা'র নির্দেশনায় আনন্দম ঢাকা'র নাটক খ্যাতির বিড়ম্বনা এবং মোঃ মিনারুল ইসলাম জুয়েল এর রচনা ও নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল মাগুড়া'র নাটক অসঙ্গাতি মঞ্চস্থ হয়।

একাডেমির জাতীয় নাট্যশালার স্টুডিও থিয়েটার হলে বিকাল 5টায় ফেলু মিয়া'র নির্দেশনায় বীণাবাণী পুতুল নাচ ব্রাহ্মণবাড়িয়া'র ঐতিহ্যবাহী পুতুল নাচ, বিকাল ৫.২০টা থেকে জেলা শিল্পকলা একাডেমি চট্টগ্রাম, সিলেট, খুলনা, খাগড়াছড়ি, কুষ্টিয়া, মাগুরা, লক্ষীপুর, ও মেহেরপুর পরিবেশন করবে আবৃত্তি, একক অভিনয় ও 7ই মার্চের ভাষণ এবং নাহিদ পারভেজ বাবু'র রচনা ও হুমায়ন কবির জুয়েল এর নির্দেশনায় পাঠশালা চিলড্রেন্স থিয়েটার সিলেটের নাটক অমল হলো পিটারম্যান এবং মোঃ মাইনুদ্দীন এর রচনা ও নির্দেশনায় জেলা শিল্পকলা একাডেমি শিশু নাট্যদল খাগড়াছড়ির নাটক বঙ্গাবন্ধুর ছেলেবেলা মঞ্চস্থ হয়।

একাডেমির জাতীয় সঙ্গীত ও নৃত্যকলা কেন্দ্র মিলনায়তনে বিকাল 5টা থেকে মরিয়াম সারহ এর রচনা ও নির্দেশনায় কারিশমা সাংস্কৃতিক দল ঢাকা'র নৃত্যনাট্য মানচিত্রের জন্য, নিশান সাবের এর রচনা ও নির্দেশনায় অরণি চিলড্রেন্স থিয়েটার মেহেরপুরের নাটক ব্যাথিত রাতের বয়ান, হাসান শাহরিয়ারের রচনায় বিপুল রহমানের নির্দেশনায় ম্যাজিক ইফ থিয়েটার কুষ্টিয়ার নাটক বুদ্ধির ঢেঁকি, তুহিন তালুকদারের রচনা ও নির্দেশনায় খুলনা আর্ট স্কুল থিয়েটারের নাটক সুস্থ দেহ সুস্থ মন, কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের গল্প অবলম্বনে শুভাশীষ দত্ত তন্ময় এর নাট্যরুপ ও নির্দেশনায় রামকৃষ্ণ মিশন স্কুল থিয়েটার ঢাকার নাটক দেবতার গ্রাস, প্রদীপ দেওয়ানজী এর রচনায় রওশন জান্নাত রুশনী'র নির্দেশনায় ইষ্টিকুটুম ঢাকার নাটক বোকা চালাক চালাক বোকা এবং তারেক মোহাম্মদ রিপন এর রচনা ও নির্দেশনায় চিলড্রেন্স থিয়েটার আর্ট একাডেমি ঢাকার নাটকে মেঘে ঢাকা তারা মঞ্চস্থ হয়।

একাডেমি প্রাঙ্গন নন্দনমঞ্চে বিকা 5টা থেকে জেলা শিল্পকলা একাডেমি লক্ষ্মীপুর, খাগড়া লক্ষীপুর, খাগড়াছড়ি, ঢাকা, চট্টগ্রাম, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকা, কুষ্টিয়া, সিলেট, মেহেরপুর, খুলনা ও মাগুরা'র শিল্পীবৃন্দ পরিবেশন করে সমবেত সঙ্গীত, সমবেত নৃত্য, একক সংগীত ও অ্যাক্রোবেটিক শো প্রদর্শনী।

## ‘শেখ হাসিনা-বাংলাদেশের স্বপ্নসারথি’




বাংলাদেশ শিল্পকলা একাডেমি একাডেমির জাতীয় চিত্রশালা ভবনের ১ ও ৬ নং গ্যালারীতে ২৮ সেপ্টেম্বর -২৭ অক্টোবর ২০১৯ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিন‘র সংগ্রামী জীবনের বিভিন্ন পর্যায়ের আলোকচিত্র এবং তাকে নিয়ে সৃজিত শিল্পকর্মের মাসব্যাপী ‘শেখ হাসিনা বাংলাদেশের স্বপ্রসারথি’ শীর্ষক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে ।

আগামী ২৮ সেপ্টেম্বর ২০১৯ শনিবার বিকাল ৪টায় একাডেমির জাতীয় নাট্যশালা মিলনায়তনে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মাসব্যাপী প্রদর্শনীর উদ্বোধন করবেন বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এমপি এবং জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির সম্মানিত মহাপরিচালক ঋত্বিক নাট্যপ্রাণ শিশুবন্ধু জনাব লিয়াকত আলী লাকী। শুভেচ্ছা বক্তব্য রাখবেন একাডেমির সচিব বদরুল আনম ভূঁইয়া।

#

## অমর কথাশিল্পী শওকত ওসমান রচিত ‘পঞ্চসঞ্জী’ চলচ্চিত্রের উদ্বোধন আগামীকাল

অমর কথাশিল্পী শওকত ওসমান রচিত ‘পঞ্চসঞ্জী’ চলচ্চিত্রের উদ্বোধন আগামীকাল ২৮ সেপ্টেম্বর সকাল ১১টায়। জাতীয় নাট্যশাল মিলনায়তনে জাঁ নেসার ওসমান পরিচালিত চলচ্চিত্রটির প্রিমিয়ার শো অনুষ্ঠিত হবে। চলচ্চিত্রটি উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মননীয় মন্ত্রী ওবায়দুল কাদের এমপি।

২৮ সেপ্টেম্বর ২০১৯

## ‘শেখ হাসিনা-বাংলাদেশের স্বপ্নসারথি’ শীর্ষক মাসব্যাপী প্রদর্শনীর উদ্বোধন




বাংলাদেশ শিল্পকলা একাডেমি একাডেমির জাতীয় চিত্রশালা ভবনের ১ ও ৬ নং গ্যালারীতে ২৮ সেপ্টেম্বর -২৭ অক্টোবর ২০১৯ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিন‘র সংগ্রামী জীবনের বিভিন্ন পর্যায়ের আলোকচিত্র এবং তাকে নিয়ে সৃজিত শিল্পকর্মের মাসব্যাপী ‘শেখ হাসিনা বাংলাদেশের স্বপ্রসারথি’ শীর্ষক প্রদর্শনীর আয়োজন করা হয়েছে ।

২৮ সেপ্টেম্বর ২০১৯ শনিবার সন্ধ্যা ৬টায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে মাসব্যাপী প্রদর্শনীর উদ্বোধন করেন বাংলাদেশ জাতীয় সংসদের মাননীয় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী এমপি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ এমপি এবং জাতীয় অধ্যাপক ড. আনিসুজ্জামান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির সম্মানিত মহাপরিচালক ঋত্বিক নাট্যপ্রাণ শিশুবন্ধু জনাব লিয়াকত আলী লাকী। শুভেচ্ছা বক্তব্য রাখেন একাডেমির সচিব বদরুল

আনম ভূঁইয়া। জাতীয় চিত্রশালার ১নং গ্যালারির ফিতা কেটে উদ্বোধনের পর ১ ও ৬ নং গ্যালারী পরিদর্শন করেন অতিথিবৃন্দ। এরপর জাতীয় নাট্যশালা মিলনায়তনে আলোচনা ও সাংস্কৃতিক পরিবেশনা অনুষ্ঠিত হয়।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার রয়েছে বর্ণাঢ্য রাজনৈতিক জীবন। তাঁর নেতৃত্বে অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় ২০৪১ সালে উন্নত দেশে পরিণত হওয়ার পথে দৃপ্ত প্রত্যয়ে এগিয়ে চলছে বাংলাদেশ । বাঙালির স্বপ্নসারথি, উন্নয়নের রূপকার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সংগ্রামী জীবনের বিভিন্ন পর্যায়ের আলোকচিত্র এবং শিল্পকর্ম নিয়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমি মাসব্যাপী প্রদর্শনীর আয়োজন করেছে। প্রদর্শনীতে স্থান পাওয়া শিল্পকর্মগুলো প্রধানমন্ত্রীর উন্নয়ন কর্মকান্ড ও বর্ণাঢ্য কর্মময় জীবনের শিল্পভাষ্যের উন্মোচন। এই আলোকচিত্র ও শিল্পকর্মগুলোর মধ্যে জননেত্রী শেখ হাসিনাকে শিল্পের একক আবহে উপস্থাপনের চেষ্টা করা হয়েছে। বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালায় প্রদর্শনী শেষে পরবর্তীতে ছবিগুলো নিয়ে জেলা পর্যায়েও প্রদর্শনী আয়োজন করা হবে। আলোকচিত্রগুলো সংগ্রহ ও সংকলনের সহযোগিতা করেছেন জয়ীতা প্রকাশনী।

গত ২৮ আগস্ট থেকে ২৮ সেপ্টেম্বর জাতীয় চিত্রশালার চিত্রকলা স্টুডিওতে অনুষ্ঠিত শতচিত্রে জননেত্রী শীর্ষক মাসব্যাপী আর্টক্যাম্পে ১০০টি চিত্রকর্ম সৃজিত হয়েছে। অংশগ্রহণকারী শিল্পীদরা হলেন আব্দুর রব খান, তিতাস চাকমা, জয়ন্ত সরকার জন, সৈয়দা তামান্না আফরোজ, শিবলী হাওলাদার, শ্রীকান্ত রায় সুবীর, সুরভী আক্তার, শুভ্র তালুকদার, সুজন মাহাবুব ও সৌরভ ধর।

শিল্পকর্ম প্রদর্শনীতে ১নং গ্যালারীতে ২৩১টি আলোকচিত্র, ৬নং গ্যালারীতে ১৩৩টি চিত্রকর্ম, ৪টি স্থাপনাশিল্প নির্মাণ, ১ ও ৬ নং গ্যালারীতে ৫টি ভিডিও ইনস্টেলেশন, মাননীয় প্রধানমন্ত্রীর উপর প্রকাশিত বইসমূহের প্রদর্শনী, জাতীয় চিত্রশালা মিলনায়তনে ১০টি আলোচনা সভার আয়োজন, , জাতীয় চিত্রশালা প্লাজায় ৩২ ফিট/৪৩ ফিট সাইজে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিকৃতি অংকন (যাহা ৫/৬ সাইজের ৭২টি ক্যানভাসে) করা হবে।

মাননীয় প্রধানমন্ত্রীর স্বদেশ প্রত্যাবর্তন উপলক্ষে এ্যাক্রোলিক ক্যানভাসে অংকিত আর্টক্যাম্পে অংশগ্রহণকারী ৩৩জন শিল্পীর তালিকা: শিল্পী সমরজিৎ রায় চৌধুরী, শিল্পী অলকেশ ঘোষ, শিল্পী আতিয়া ইসলাম এ্যানি, শিল্পী শাহজাহান আহমেদ বিকাশ, শিল্পী বিশ্বজিৎ গোস্বামী, শিল্পী দুলাল চন্দ্র গাইন, শিল্পী এম এম মেয়েজউদ্দিন, শিল্পী বীরেন সোম, শিল্পী অনুকুল চন্দ্র মজুমদার, শিল্পী শহিদুজ্জামান, শিল্পী অভিজিৎ চৌধুরী, শিল্পী মোঃ আলপ্তগীন তুষার, শিল্পী আব্দুল মোমেন মিল্টন, শিল্পী দেওয়ান মিজান, শিল্পী কামাল উদ্দিন, শিল্পী আব্দুস সাত্তার তৌফিক, শিল্পী সুমন ওয়াহিদ, শিল্পী মনজুর রশিদ, শিল্পী সর্বরী রায় চৌধুরী, শিল্পী কারু তিতাস, শিল্পী সমীরণ চৌধুরী, শিল্পী সোহাগ পারভেজ, শিল্পী রবিউল ইসলাম, শিল্পী মোঃ আজমীর হোসেন, শিল্পী মোঃ আশরাফুল হাসান, শিল্পী উত্তম কুমার সাহা, শিল্পী রাকিব হাসান, শিল্পী শাহানুর রহমান, শিল্পী জয়ন্ত সরকার জন, শিল্পী জিল্লুর হোসেন টিটন, শিল্পী আরিফুর রহমান তপু, শিল্পী তিতাস চাকমা ও শিল্পী সুজন মাহাবুব।

**#**

## মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র জন্মদিন উপলক্ষে বর্ণাঢ্য আয়োজন

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র জন্মদিন উপলক্ষে আজ ২৮ সেপ্টেম্বর ২০১৯ শনিবার বিকাল ৪টায় একাডেমির জাতীয় নাট্যশালা মিলনায়তনে জন্মদিনের বর্ণাঢ্য আয়োজন করে বাংলাদেশ শিল্পকলা একাডেমি।

আয়োজনের শুরুতেই আনন্দলোকে মঙ্গলালোকে গানের সাথে আলোক প্রাজ্জলনে অংশ নেয় সঞ্চ ও মিলনায়তন মিলিয়ে প্রায় হাজারো শিশু ও অভিভাবক। এরপরে আয়োজনে ছিল মাননীয় প্রধানমন্ত্রীর ৭৩তম জন্মদিন উপলক্ষে নৃত্যশিল্পী ইমনের সহযোগিতায় বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও পিপলস লিলট থিয়েটারের ৭৩ জন শিশুশিল্পী কোরিওগ্রাফি, আজ কেন মোর প্রাণসজনী গো এবং বুকের ভিতর আকাশ নিয়ে গানের সাথে ২টি সমবেত নৃত্য পরিবেশন করে বাংলাদেশ শিল্পকলা একাডেমির বড়দের নৃতত্যদল, সত্য বল সুপথে চল গানের কথায় সমবেত সঙ্গীত পরিবেশন করে একাডেমির শিশু সঙ্গীত দল। জন্মদিনের আয়োজনে কথা বলেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক ঋত্বিক নাট্যপ্রাণ শিশুবন্ধু লিয়াকত আলী লাকী। তিনি শিশুদের উদ্দেশ্যে বলেন, ‘আমরা জন্মদিনে আলো জ্বালাবো কখনো নিভাবো না এবং আমরা আজকের এই জন্মদিনের আয়োজনটি একটু ব্যতিক্রমভাবে পালন করলাম, কেক না কেটে পিঠা আয়োজনের মাধ্যমে। আমরা আজকে সবাই পিঠা খাব এবং আনন্দ করবো।’

#

## চতুর্দশ জাতীয় শিশু কিশোর নাট্য ও সাংস্কৃতিক উৎসব ২০১৯ এর সমাপনী

৬৪ জেলার সাংস্কৃতিক দল এবং ৯৫টি শিশু নাট্য সংগঠনের দশ হাজারেরও বেশি শিশুর অংশগ্রহণে ২০-২৮ সেপ্টেম্বর ২০১৯ উৎসব অনুষ্ঠিত হচ্ছে। উৎসবে একাডেমির জাতীয় নাট্যশালা, জাতীয় চিত্রশালা, জাতীয় সংগীত ও নৃত্যকলা কেন্দ্র মিলনায়তন ও একাডেমি প্রাঙ্গণসহ প্রতিদিন ৮টি ভেন্যুতে ৯টি জেলার ৮৫টি পরিবেশনার মধ্য দিয়ে বাংলাদেশ শিল্পকলা একাডেমি ও পিপলস থিয়েটার এসোসিয়েশনের যৌথ আয়োজনে অনুষ্ঠিত চতুর্দশ জাতীয় শিশু কিশোর নাট্য ও সাংস্কৃতিক উৎসবের সমাপনী ২৮ সেপ্টেম্বর ২০১৯ শনিবার সন্ধ্যা ৭টায় একাডেমির জাতীয় নাট্যশালা মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে ।

#

## অমর কথাশিল্পী শওকত ওসমান রচিত ‘পঞ্চসঙ্গী’ চলচ্চিত্রের উদ্বোধনী প্রদর্শনী

অমর কথাশিল্পী শওকত ওসমান রচিত ‘পঞ্চসঙ্গী’ চলচ্চিত্রের উদ্বোধনী উপলক্ষে আজ ২৮ সেপ্টেম্বর সকাল ১১টায় একাডেমির জাতীয় নাট্যশাল মিলনায়তনে জাঁ নেসার ওসমান পরিচালিত চলচ্চিত্রটির প্রিমিয়ার শো অনুষ্ঠিত হয়। চলচ্চিত্রটি উদ্বোধনী অনুষ্ঠানে বাংলাদেশ শিল্পকলা একাডেমির সম্মানিত মহাপরিচালক ঋত্বিক নাট্যপ্রাণ শিশুবন্ধু জনাব লিয়াকত আলী লাকী এর সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় উপমন্ত্রী জনাব মহিবুল হাসান চৌধুরী। অনুভুতি ব্যক্ত করেন শিশুতোষ চলচ্চিত্রের পরিচালক জাঁ-নেসার ওসমান।

২৯ সেপ্টেম্বর ২০১৯

## সেরা সংগঠনের পুরস্কার পেল বাংলাদেশ শিল্পকলা একাডেমি




বাংলাদেশে নিযুক্ত চীনা দূতাবাসের সেরা সংগঠনের পুরস্কার পেল বাংলাদেশ শিল্পকলা একাডেমি।

গণপ্রজাতন্ত্রী চীন প্রতিষ্ঠার ৭০ বছর পূর্তি উদযাপন উপলক্ষ্যে আয়োজিত ২৭ সেপ্টেম্বর থেকে ১০ অক্টোবর ২০১৯ পর্যন্ত আয়োজিত প্রদর্শনীর উদ্বোধনী অনুষ্ঠানে `Outstanding organization award’ পুরস্কারটি গ্রহণ করেছেন বাংলাদেশ শিল্পকলা একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী। সাংস্কৃতিক ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য এই পুরস্কার প্রদান করা হয়েছে। ২৭ সেপ্টেম্বর একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনে পুরস্কার প্রদান অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা মন্ত্রী ড. দীপু মনি এবং বাংলাদেশে নিযুক্ত চীনা দূতাবাসের রাষ্ট্রদূত লি জিমিং।

সাংস্কৃতিক কর্মকান্ডে মাধ্যমে চীন-বাংলাদেশের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক আরো সুদৃঢ় হবে বলে জানিয়েছেন একাডেমির মহাপরিচালক লিয়াকত আলী লাকী। তিনি বলেন, ‘চীন সরকারের সহযোগিতায় ইতোমধ্যে বাংলাদেশ শিল্পকলা একাডেমির ২০জন শিশু শিল্পী অ্যাক্রোবেটিক প্রশিক্ষণ নিয়েছেন। এই শিল্পীরা এখন সারাদেশে অ্যাক্রোবেটিক প্রদর্শনী করছেন।’